



মৌসুমে ৪৪ গোলের পর এমবাঙ্গে জিতলেন ইউরোপিয়ান গোল্ডেন বুট



সংগৃহীত ছবি

রিয়াল মাদ্রিদের তারকা ফরাসি ফরোয়ার্ড কিলিয়ান এমবাঙ্গে ইউরোপিয়ান গোল্ডেন বুট জিতেছেন। চলতি লা লিগা মৌসুমে ৩১ গোল করার পর এই সম্মান পেলেন তিনি, যা তার ক্যারিয়ারের প্রথম।

মৌসুম জুড়ে রিয়ালের হয়ে অসাধারণ খেলা প্রদর্শন করেছেন এমবাঙ্গে। সব মিলিয়ে ৪৪ গোল করায় তিনি ইউরোপের শীর্ষ লিগে সর্বোচ্চ গোলদাতা হিসেবে এই পুরস্কার অর্জন করেছেন। শুক্রবার (৩১ অক্টোবর) রিয়ালের হোম স্টেডিয়াম সান্তিয়াগো বার্নাব্যুতে দলের কোচ এবং সহকর্মীদের উপস্থিতিতে আনুষ্ঠানিকভাবে তাকে পুরস্কারটি দেওয়া হয়।

পুরস্কার গ্রহণের সময় এমবাঙ্গে বলেন, “এটা আমার ক্যারিয়ারের জন্য বিশেষ একটি মুহূর্ত। রিয়ালের হয়ে খেলা আমার ছোটবেলার স্বপ্ন ছিল। সতীর্থ এবং ভক্তদের সমর্থন ছাড়া এটি সম্ভব হতো না। আমি আশা করি আমরা দল হিসেবে আরও বড় সাফল্য অর্জন করব এবং আমি রিয়ালে দীর্ঘ সময় খেলতে পারব।”

ফরাসি এই ফরোয়ার্ড রিয়াল মাদ্রিদের তৃতীয় খেলোয়াড় যারা এই সম্মান জিতেছেন। এর আগে ২০১৪-১৫ মৌসুমে ক্রিস্টিয়ানো রোনালদো এই পুরস্কার অর্জন করেছিলেন। তবে লিওনেল মেসি বার্সেলোনার জার্সিতে সর্বোচ্চ ছয়বার এই অ্যাওয়ার্ড জিতেছেন।

চলতি মৌসুমেও এমবাঙ্গে লা লিগার শীর্ষ গোলদাতা। ১৩ ম্যাচে ১৬ গোল করার পাশাপাশি ১০ ম্যাচে ১১টি গোল করেছেন। তার লক্ষ্য পরবর্তী ইউরোপিয়ান গোল্ডেন বুটও নিজের করা।